


**দায়বদ্ধ অফিস:** অফিস অফ স্ট্র্যাটেজিস

## বোর্ড পলিসি 5200

## পারিবারিক অন্তর্ভুক্তি

### উদ্দেশ্য

ট্রাস্টি বোর্ড (বোর্ড) নিশ্চিত করে যে পারিবারিক অন্তর্ভুক্তি হলো স্কুল, পরিবার এবং কমিউনিটির মধ্যে একটি ভাগাভাগিকৃত দায়িত্ব যেখানে সকলেই কলেজ, ক্যারিয়ার এবং আজীবন শিক্ষার জন্য শিশু এবং যুবকদের বিকাশের ব্যাপারে সফলভাবে একসাথে কাজ করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং সহায়তায় সমান অ্যাক্সেস পায়। ওয়াশো কাউন্টি স্কুল ডিস্ট্রিক্ট (ডিস্ট্রিক্ট) স্কুলগুলি, পরিবার, শিক্ষাবিদ, শিক্ষার্থী এবং প্রশাসকদের সহযোগিতায়, ডিস্ট্রিক্টের কৌশলগত পরিকল্পনার সাথে সঙ্গতিপূর্ণ কৌশলগুলি বিকাশ ও প্রচার করবে যেটি কার্যকর পারিবারিক অন্তর্ভুক্তির জন্য সমর্থন এবং ক্ষমতা তৈরি করে এবং আরও কার্যকরভাবে অংশীদার হওয়ার জন্য শিক্ষার্থী, পরিবার এবং শিক্ষাবিদদের চাহিদাকে প্রতিফলিত করে।

### সংজ্ঞা

1. "পরিবার" বলতে যেকোনো প্রাপ্তবয়স্ক পরিচর্যাকারী/অভিভাবক যিনি তাদের সন্তানদের লালন-পালন ও যত্ন নেওয়ার দায়িত্ব নেন তাকে বোঝায়।

**নীতিমালা**

1. পরিবার-স্কুল অংশীদারিত্ব উন্নয়ন করার লক্ষ্যে, সাতটি অপরিহার্য উপাদানকে প্রচার করা হবে এবং ডিস্ট্রিক্টের কৌশলগত পরিকল্পনার সাথে সংযুক্ত করা হবে:

   a. সকল পরিবারকে স্বাগত জানাই। পরিবারগুলি স্কুলের জীবনে সক্রিয় অংশগ্রহণকারী, স্বাগত, মূল্যবান এবং একে অপরের সাথে সংযুক্ত বোধ করে।

      i. পরিবারবর্গের সাথে সম্মানজনক এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল উপায়ে আচরণ করার মাধ্যমে একটি ইতিবাচক শিক্ষার পরিবেশ প্রতিষ্ঠিত হয়।

   b. কার্যকরভাবে যোগাযোগ করা। পরিবার এবং কর্মচারীরা শিক্ষার্থীদের শেখার বিষয়ে নিয়মিত, খাঁটি, দ্বিমুখী, অর্থপূর্ণ যোগাযোগে অন্তর্ভুক্ত হন।

      i. পরিবারবর্গ জানে কিভাবে ইনপুট দিতে হয় এবং স্কুলের সাথে যোগাযোগে সাড়া দিতে হয়।

      ii. পরিবার এবং শিক্ষকদের মধ্যে লিখিত এবং মৌখিক যোগাযোগ শ্রদ্ধাশীল এবং পরিবারের বাড়ির ভাষা এবং শিক্ষাগত পরিভাষার প্রতি শ্রদ্ধাশীল বিবেচিত হয়।

**c.** শিক্ষার্থীদের কল্যাণ এবং অ্যাকাডেমিক সাফল্যের ব্যাপারে সহায়তা করা। পরিবার এবং স্কুলের কর্মীরা বাড়িতে এবং স্কুল উভয় ক্ষেত্রেই শিক্ষার্থীদের শেখার এবং বিকাশে সহায়তা করতে সহযোগিতা করে এবং কার্যকরভাবে সেটি সম্পাদন করার জন্য তাদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধি করার নিয়মিত সুযোগ থাকে।

- **i.** শিক্ষক এবং স্কুলের কর্মচারীরা গ্রেড স্তরের মানগুলির সাথে শিক্ষার্থীরা পৃথকভাবে এবং তুলনামূলকভাবে উভয় ক্ষেত্রেই কীভাবে করছে তা ব্যাখ্যা করার জন্য ডেটা শেয়ার করে।
- **ii.** পরিবারগুলি শিক্ষাবিদ এবং সহায়ক পেশাদারদের কাছ থেকে যে ব্যাপারে শেখার তথ্য, সংস্থান এবং সুযোগগুলি পায় তাহলো কীভাবে তারা শ্রেণিকক্ষের বাইরে তাদের শিক্ষার্থীদের শেখার ক্ষেত্রে সমর্থন করতে পারে এবং তাদের সন্তানের অগ্রগতি নিরীক্ষণ করতে পারে।
- **iii.** পরিবার এবং কর্মচারীদের শেখার সুযোগ রয়েছে যা শিক্ষার্থীদের শেখার সাথে যুক্ত এবং কার্যকর প্রাপ্তবয়স্ক শিক্ষার অনুশীলনের সাথে সঙ্গতিপূর্ণ যা সম্পর্কযুক্ত, সম্পদ-ভিত্তিক, সহযোগিতামূলক এবং পারস্পরিক যোগাযোগমূলক।

**d.** প্রতিটি শিশুর জন্য কথা বলা। পরিবারগুলিকে তাদের নিজেদের এবং অন্যান্য শিশুদের জন্য মুখপাত্র হওয়ার ক্ষমতা দেওয়া হয়েছে, যাতে শিক্ষার্থীদের  শেখার সুযোগের জন্য ন্যায়সঙ্গত অ্যাক্সেস প্রদান করা হয়।

- **i.** শিক্ষক এবং পরিবারগুলি এমন সংস্থান এবং প্রোগ্রামগুলির সুবিধা নেওয়ার জন্য অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে যা শিক্ষার্থীদের সাফল্যকে সমর্থন করে (যেমন, ইংরেজি শিক্ষার্থী, টিউটরিং, কাউন্সেলিং)।
- **ii.** শিক্ষক এবং স্কুলের কর্মচারীরা পরিবারগুলির ক্ষমতায়ন করে এবং সমস্যা/সংঘাত সমাধানের জন্য শিক্ষার্থীদের সমর্থনে উৎসাহিত করে।

**e.** _শেয়ারিং ক্ষমতা। পরিবার এবং স্কুলের কর্মচারীরা শিশু এবং পরিবারকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তের ক্ষেত্রে সমান অংশীদার। একসাথে তারা নীতিমালা, অনুশীলন এবং প্রোগ্রামগুলিকে অবহিত করে, প্রভাবিত করে এবং তৈরি করে।

- **i.** প্রশাসক, শিক্ষাবিদ, এবং শিক্ষাগত সহায়তা পেশাদাররা তাদের শিক্ষার্থীদের শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্তে সমান কণ্ঠস্বর এবং পারস্পরিক বোঝাপড়া প্রতিষ্ঠা করতে পরিবারের সাথে সহযোগিতা করে।
- **ii.** ডিস্ট্রিক্টের সমস্ত কর্মচারী পরিবারগুলিকে স্থানীয় এবং ডিস্ট্রিক্ট পর্যায়ে স্কুলে সক্রিয় অংশগ্রহণকারী হতে উত্সাহিত করবে। স্কুল এবং সহায়ক বিভাগগুলি অভিভাবকদের উপদেষ্টা গোষ্ঠী, স্কুল বোর্ডের মিটিং, স্কুলের কার্যাবলী এবং ক্রিয়াকলাপগুলিতে জড়িত থাকতে উত্সাহিত করবে।

**f.** _কমিউনিটির সাথে সহযোগিতা করা। পরিবার এবং স্কুলের কর্মচারীরা শিক্ষার্থী পরিবার এবং কর্মচারীদের সম্প্রসারিত শেখার সুযোগ, কমিউনিটি পরিষেবা এবং নাগরিক অংশগ্রহণের সাথে সংযুক্ত করতে কমিউনিটির সদস্যদের সাথে সহযোগিতা করে।

- **i.** স্কুলের কর্মীরা পরিষেবা এবং সংস্থান সম্পর্কে পরিবারের সাথে যোগাযোগ করে, প্রোগ্রামগুলিতে রেফারেল তৈরি করে এবং শেখার সুযোগগুলি প্রসারিত করে এমন কার্যকলাপের ব্যাপারে পরিকল্পনা প্রণয়ন করে।
- **ii.** স্কুলসমূহ শ্রেণিকক্ষ, স্কুল ইভেন্ট এবং কার্যকলাপে অংশগ্রহণের জন্য কমিউনিটির সংগঠনসমূহকে অন্তর্ভুক্ত।

- **g.** পরিবারগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য কর্মচারীদের সক্ষমতা তৈরি করা। কর্মচারীদের পেশাগত শিক্ষার সুযোগ রয়েছে যা তাদের সাংস্কৃতিক দক্ষতা বৃদ্ধি করে এবং ব্যবহারিক, গবেষণা-ভিত্তিক কৌশল প্রদান করে যেগুলি কার্যকরভাবে পরিবারের সাথে অংশীদারিত্ব করার ক্ষমতাকে উন্নত করে।
  - **i.** কর্মচারীরা পরিবারের সাথে ক্রমাগত অংশীদারিত্ব উন্নত করতে স্কুলের নেতৃত্বের মাধ্যমে ক্রমাগত কোচিং এবং সমর্থন পান।
  - **ii.** স্কুল প্রশাসকরা পরিবারের সাথে ইতিবাচক অংশীদারিত্বের গুরুত্ব সম্পর্কে কর্মীদের কাছে প্রত্যাশার কথা জানান।

**2.** বোর্ড এতদ্দ্বারা সুপারিনটেনডেন্টকে এই বোর্ড নীতির উদ্দেশ্য বাস্তবায়ন ও বজায় রাখার জন্য একটি প্রশাসনিক প্রবিধান গ্রহণ করার নির্দেশ প্রদান করছে। সুপারিনটেনডেন্ট প্রশাসনিক প্রবিধানে নিম্নলিখিত বিধানগুলি অন্তর্ভুক্ত করবেন:

- **a.** এভরি স্টুডেন্ট সাকসিডস অ্যাক্ট (ESSA) সেকশন 116 ফ্যামিলি এনগেজমেন্ট পলিসির সাথে সঙ্গতিপূর্ণ শর্তাবলী।

**আইনি আবশ্যকতাসমূহ এবং সংশ্লিষ্ট নথিপত্র**

**1.** এই বোর্ড নীতিমালাটি ডিস্ট্রিক্টের কৌশলগত পরিকল্পনার লক্ষ্যগুলিকে প্রতিফলিত করে এবং জেলার গভর্নিং নথিগুলির সাথে সঙ্গত্যিপূর্ণ/সম্মতি দেয়, এতে অন্তর্ভুক্ত রয়েছে:

- **a.** বোর্ড নীতি 1505, ডিস্ট্রিক্টের সম্পত্তির দর্শণার্থী - অর্থপূর্ণ অ্যাক্সেস;
- **b.** বোর্ড পলিসি 1160, যোগাযোগ, কমিউনিটি এনগেজমেন্ট এবং পাবলিক এনগেজমেন্ট; এবং
- **c.** বোর্ড নীতি 9210, ইক্যুইটি এবং বৈচিত্র্য।

**2.** এই বোর্ড নীতি অন্তর্ভুক্ত করার জন্য নেভাদা সংশোধিত সংবিধি (NRS) এবং নেভাদা প্রশাসনিক কোড (NAC) মেনে চলে

- **a.** অধ্যায় 385, ফ্যামিলি এনগেজমেন্টের জন্য উপদেষ্টা পরিষদ, পিতামাতার সম্পৃক্ততা এবং পারিবারিক এনগেজমেন্ট অফিস এবং বিশেষভাবে:
  - **i.** NRS 385.620.1। - পিতামাতার সম্পৃক্ততা এবং পারিবারিক অন্তর্ভুক্তির নীতিমালা; এবং
- **b.** অধ্যায় 392, শিক্ষার্থী এবং বিশেষভাবে:
  - **i.** NRS 392.456 – 392.458, পিতামাতার সম্পৃক্ততা এবং পারিবারিক অন্তর্ভুক্তি।

**3.** এই বোর্ড নীতি ফেডারেল আইন এবং প্রবিধান মেনে চলে, এতে অন্তর্ভুক্ত রয়েছে:

- **a.** ফেডারেল এলিমেন্টারি ও সেকেন্ডারি এডুকেশন অ্যাক্ট, পার্ট A, স্থানীয় শিক্ষা সংস্থাগুলি দ্বারা পরিচালিত মৌলিক প্রোগ্রামের উন্নতি, ধারা 1116, পিতামাতা এবং পারিবারিক ব্যস্ততা; এবং
- **b.** পারিবারিক শিক্ষাগত অধিকার এবং গোপনীয়তা আইন (FERPA) 20 U.S.C. § 1232g; 34 CFR পার্ট 99)।

**সংশোধনের ইতিহাস**

| তারিখ | সংশোধন | পরিমার্জন |
|---|---|---|
| 3/12/2002 | 1.0 | গৃহীত নীতি |
| 11/20/2007 | 2.0 | সংশোধিত |
| 7/24/2012 | 3.0 | সংশোধিত |
| 4/10/2018 | 4.0 | সংশোধিত: স্টেট পলিসির সাথে সঙ্গতিপূর্ণ; পলিসি নং 5036.1 থেকে পরিবর্তন করা হয়েছে |
| 03/29/2022 | 5.0 | সংশোধিত: BP 9070 অনুযায়ী ফরম্যাট আপডেট করা হয়েছে, স্টেট পলিসি এবং পারিবারিক অন্তর্ভুক্তি বিষয়ক স্টেট পলিসির সাথে সঙ্গতি বজায় রাখতে ভাষা আপডেট করা হয়েছে। |